**সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার**

**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সংসদ ও আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক: ৪৩.০০.০০০০.১১৫.০১.০০৬.১১(অংশ-৬).১৭৭ তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৫ / ০৭ আগস্ট ২০১৮

বিষয়: **১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩০তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের স্মারক: নং-১১.০০.০০০০.৭০৮.৭৬.০০২.১৮/২০৩, তারিখ: ২৬ জুলাই ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির গত ১৮ জুলাই, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩০তম বৈঠকের কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি: বর্ণনামোতাবেক।**

(মোঃ আতাউর রহমান)
উপসচিব (সংসদ ও আইন)
ফোন: ৯৫৭২১৯০

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৬। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ধানমন্ডি, ঢাকা।
৮। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, গুলিস্থান, ঢাকা।
৯। রেজিস্ট্রার অফ কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, ঢাকা।
১০। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১১। যুগ্মসচিব (অনুষ্ঠান)/যুগ্মসচিব (প্রশাসন-২)/যুগ্মসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-১)/উপসচিব (অধিশাখা-৭)/উপসচিব (প্রশাসন)/ উপসচিব-৩/উপসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-২)/, উপপ্রধান, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
১৩। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
১৪। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার।
১৫। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতি কেন্দ্র, কক্সবাজার।
১৬। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাংগামাটি।
১৭। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
১৮। উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।
১৯। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সকল দপ্তর/সংস্থাকে ই-মেইলে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত




প্রেরকঃ- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ভবন নং-৬, ১১ তলা বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

সচিব মহোদয়ের দপ্তর
ডাইরী নং-
তারিখঃ
অতিরিক্ত সচিব
অতিরিক্ত সচিব (সাংস্কৃতিক ও ঐতিহ্য)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
যুগ্মসচিব (অনুষ্ঠান)
সচিবের একান্ত সচিব

অতি জরুরি
**বিশেষ বাহক মারফত**

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-৮

নং-১১.০০.০০০০.৭০৮.৭৬.০০২.১৮/২০৩

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৫ / ২৬ জুলাই ২০১৮

বিষয়ঃ ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩০তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ।

১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির গত ১৮ জুলাই, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩০তম বৈঠকের কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ মোস্তফা কামাল)
কমিটি অফিসার
ফোন-৯১২৫৩৮৪।
Email:committee.8@parliament.gov.bd

বিতরণ ঃ

১। সচিব মহোদয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগার গাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

৪। যুগ্ম-সচিব (সিএস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

৫। উপ-সচিব (অর্থ ও বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

৬। সহকারী সচিব, কমিটি শাখা-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

উপসচিব (অনুষ্ঠান)
উপসচিব (বাজেট)
উপসচিব (৩)
উপসচিব (প্র:অ:-২)

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-৮

বিষয় ঃ ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩০তম সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব সিমিন হোসেন (রিমি) এম.পি (১৯৭ গাজীপুর-৪)
তারিখ ঃ ১৮ জুলাই ২০১৮ (০৩ শ্রাবণ ১৪২৫)
বার ও সময় ঃ বুধবার, বিকাল ৩-৩০ ঘটিকা
স্থান ঃ ক্যাবিনেট কক্ষ, ২য় লেভেল, পশ্চিম ব্লক, জাতীয় সংসদ ভবন, ঢাকা।

২। সভায় কমিটির নিম্নোক্ত মাননীয় সদস্যগণ উপস্থিত ছিলেন ঃ

| ক্রঃ নং | মাননীয় সদস্যবৃন্দের নাম | নির্বাচনী এলাকা | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| (১) | জনাব আসাদুজ্জামান নূর, এম.পি, মাননীয় মন্ত্রী | ১৩ নীলফামারী-২ | সদস্য |
| (২) | জনাব মনোরঞ্জন শীল গোপাল, এম.পি | ৬ দিনাজপুর-১ | সদস্য |
| (৩) | জনাব পংকজ নাথ, এম.পি | ১২২ বরিশাল-৪ | সদস্য |
| (৪) | বেগম পিনু খান, এম.পি | ৩২৩ মহিলা আসন-২৩ | সদস্য |
| (৫) | বেগম জেবুন্নেছা আফরোজ, এম.পি | ১২৩ বরিশাল-৫ | সদস্য |

৩। সভাকে সহায়তা প্রদানের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ-সহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৪। সভায় সাচিবিক সহায়তা প্রদানের জন্য উপসচিব (অর্থ ও বাজেট ব্যবস্থাপনা) ও কমিটি সচিব জনাব এম. এম. আরিফ পাশা, উপ-পরিচালক (রিপোর্টিং) জনাব মোঃ সেলিম মৃধা, উপ-পরিচালক (গণসংযোগ) বেগম সামিরা রুবাইয়াত হোসেইন এবং কমিটি অফিসার জনাব মোঃ মোস্তফা কামাল-সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৫। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি সম্প্রতি ভারতের পশ্চিমবঙ্গে কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক ডক্টর অব লিটারেচার (ডি-লিট) উপাধিতে ভূষিত করায় স্থায়ী কমিটির পক্ষ থেকে তাঁকে অভিনন্দন জানানো হয়।

৬। <u>২৯তম বৈঠকের কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u>

৬.১। সভাপতির আহ্বানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় ২৯তম বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ করেন।

৬.২। সভাপতি অতঃপর বিগত ২৯তম বৈঠকের কার্যবিবরণীতে কোন আপত্তি বা সংশোধনী আছে কি-না জানতে চাইলে কোন সংশোধনী বা আপত্তি উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৭। <u>২৮তম বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা :</u>

৭.১। সচিব মহোদয় ২৮-তম বৈঠকে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বাস্তবায়ন সম্পর্কিত একটি কার্যপত্র উপস্থাপন করেন এবং সংক্ষিপ্ত ব্যাখ্যা দেন। সংসদ টেলিভিশন চ্যানেলে সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠানাদি পরিচালনার পাশাপাশি মাননীয় সংসদ-সদস্যগণের নির্বাচনী এলাকায় চলমান উন্নয়ন কর্মকান্ডসমূহ প্রদর্শন করা যেতে পারে মর্মে তিনি উল্লেখ করেন।

৭.২। মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য জনাব আসাদুজ্জামান নূর দিনাজপুর জেলার কান্তজিউ মন্দির উদ্বোধন প্রসঙ্গে কমিটিকে জানান যে, সম্প্রতি এডিপি বৈঠকে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিটি মন্ত্রণালয় কর্তৃক যে সকল উন্নয়ন প্রকল্পের কাজ আগামী মাস নাগাদ সমাপ্ত হবে সে সকল প্রকল্পসমূহের তালিকা প্রস্তুত করে তাঁর বরাবরে পেশ করার নির্দেশনা প্রদান করেছেন। তারই প্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পসমূহের একটি তালিকা প্রস্তুত করে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পেশ করার জন্য তিনি সচিব মহোদয়কে নির্দেশ দেন। যে সকল সময় সংসদ টেলিভিশন চ্যানেলে সংসদের নিজস্ব অনুষ্ঠান এবং সংসদ অধিবেশন সম্প্রচার করা হয় না ঠিক সেই সময় উক্ত চ্যানেলে যাতে সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠানাদি পরিচালনা করা যায় সে সম্পর্কিত একটি প্রস্তাব এ কমিটি কর্তৃক মাননীয় স্পীকারের নিকট পেশ করার জন্য তিনি মাননীয় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান, ইতোমধ্যে ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তালিকা চূড়ান্ত হয়েছে এবং বাকিগুলো পরীক্ষা নিরীক্ষা করে চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত করা হবে বলে তিনি কমিটিকে অবহিত করেন।

৭.৩। সভাপতি মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য জনাব আসাদুজ্জামান নূর এর বক্তব্যের সাথে একমত পোষণ করে ... মন্ত্রণালয় কর্তৃক সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পসমূহের একটি তালিকা প্রস্তুত করে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পেশ করার পরা... সময় সংসদ টেলিভিশন চ্যানেলে সংসদের নিজস্ব অনুষ্ঠান এবং সংসদ অধিবেশন সম্প্রচার করা হয় না সেই সময় উক্ত চ্যানেলে ... বিষয়ক অনুষ্ঠানাদি পরিচালনা করা যায় সে সম্পর্কিত একটি প্রস্তাব মাননীয় স্পীকারের নিকট পেশ করার উপর তিনি গুরুত্বারোপ ক... সকল ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তালিকা এখনও চূড়ান্ত করা হয়নি তা পরীক্ষা নিরীক্ষাপূর্বক চূড়ান্ত করার পরামর্শ দেন। তিনি যে ৫০টি নৃ-... তালিকা চূড়ান্ত করা হয়েছে তা দ্রুত প্রকাশের জন্য সুপারিশ করেন। তাছাড়া তিনি আগামী ০২ আগস্ট, ২০১৮ তারিখ সকাল ১০-... ঘটিকার স্থায়ী কমিটি বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে পানামনগর, বড় সরদারবাড়ি ও ময়নামতি পরিদর্শনের উদ্দেশ্যে রওয়ানা হওয়ার ইচ্ছা ব্যক্ত করে এবং এ ব্যাপারে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ দেন।

৮। <u>বর্তমান স্থায়ী কমিটি কর্তৃক 'কবি নজরুল ইন্সটিটিউট' সংক্রান্ত সুপারিশসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা :</u>

৮.১। সচিব মহোদয় বর্তমান স্থায়ী কমিটি কর্তৃক 'কবি নজরুল ইন্সটিটিউট' সংক্রান্ত সুপারিশসমূহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কিত একটি কার্যপত্র বৈঠকে উপস্থাপন করেন এবং সংক্ষিপ্ত ব্যাখ্যা দেন।

৮.২। মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য জনাব আসাদুজ্জামান নূর আরো জানান যে, দেশের যে সকল স্থানে কবি কাজী নজরুল ইসলাম গিয়েছেন এবং তাঁর স্মৃতি রয়েছে সে সকল স্থানে কবি নজরুল ইন্সটিটিউট এর আওতায় 'নজরুল স্মৃতিকেন্দ্র' স্থাপন করা হচ্ছে।

৮.৩। সভাপতি কবি নজরুল ইন্সটিটিউট এর যে সকল জায়গা বা সাইনবোর্ডে এখনও 'কবি' শব্দটি সংযুক্ত করা হয়নি অনতিবিলম্বে তা সংযুক্ত করার পরামর্শ দেন।

৯। <u>বর্তমান স্থায়ী কমিটি কর্তৃক 'জাতীয় গ্রন্থকেন্দ্র' সংক্রান্ত সুপারিশসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা :</u>

৯.১। সচিব মহোদয় বর্তমান স্থায়ী কমিটি কর্তৃক 'জাতীয় গ্রন্থকেন্দ্র' সংক্রান্ত সুপারিশসমূহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কিত একটি কার্যপত্র বৈঠকে উপস্থাপন করেন এবং সংক্ষিপ্ত ব্যাখ্যা দেন।

৯.২। মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য জনাব আসাদুজ্জামান নূর গ্রন্থকেন্দ্র সমূহের কর্মকান্ড আরও আধুনিক ও বিস্তৃতির বিষয়টি নিয়ে নিবিড়ভাবে পর্যালোচনা করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়া কিছু লাইব্রেরির তাদের অনুকূলে প্রদত্ত অনুদানের চেক গ্রহণ করে অথচ বই গ্রহণ করে না এমন লাইব্রেরিগুলোকে চিহ্নিত করে বই বিতরণের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বন করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ দেন।

১০। <u>বিবিধ :</u>

১০.১। মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য জনাব আসাদুজ্জামান নূর বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় জাদুঘরে বিদ্যমান প্রশাসনিক কাঠামোতে প্রতিষ্ঠান প্রধান হিসেবে 'মহাপরিচালক' এর পরিবর্তে 'কিউরেটর' পদ সৃজনসহ জনবল কাঠামো ঢেলে সাজানোর উপর গুরুত্বারোপ করেছেন। এ বিষয়টি পর্যালোচনাপূর্বক এবং অন্যান্য দেশে কি ব্যবস্থা ... কর রয়েছে সে বিষয়গুলো পরীক্ষা নিরীক্ষা করে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পেশ করার জন্য সচিব মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। আগামী ২০ ও ২১ জুলাই, ২০১৮ তারিখ দেশের ৬৪টি জেলায় সাংস্কৃতিক উৎসবের আয়োজন করা হয়েছে বিধায় সকল মাননীয় সদস্য যাতে নিজ নিজ এলাকায় উক্ত অনুষ্ঠান উদ্বোধন ও উপভোগ করেন সে ব্যাপারে কমিটির পক্ষ থেকে সকলকে আমন্ত্রণ জানান। এছাড়া আগস্ট মাস শোকের মাস। এ মাসে জাতীয় জাদুঘরে মাসব্যাপী জাতির পিতার স্মৃতিকে কেন্দ্র করে অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে বিধায় উক্ত অনুষ্ঠান অবলোকন করার জন্য তিনি স্থায়ী কমিটির মাননীয় সদস্যগণকে আমন্ত্রণ জানান।

১০.২। কমিটির মাননীয় সদস্য জনাব পংকজ নাথ বলেন যে, সন্ত্রাস ও জঙ্গিবাদকে সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে প্রতিহত করার উদ্দেশ্যে দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত সাংস্কৃতিক কর্মকান্ড ছড়িয়ে দেওয়া সময়ের দাবি। এ কারণে বিগত দিন থেকে উপজেলা কালচারাল অফিসার নিয়োগের প্রচেষ্টা অব্যাহত রাখা হয় এবং সে কাজ অনেক অগ্রসর হওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন এবং দ্রুততার সাথে উপজেলা কালচারাল অফিসার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার অনুরোধ জানান। তিনি তাঁর নির্বাচনী এলাকায় উলানিয়া জমিদারবাড়ি ও দাউদপুরে

…বাড়ি সংস্কারের মাধ্যমে পুরনো ঐতিহ্য ধরে রাখার অনুরোধ জানান। সর্বোপরি তিনি মন্ত্রণালয়ের পরিকল্পনা সেলকে আরও দক্ষ ও কার্যকর হিসেবে গড়ে তোলার জন্য সচিব মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

১০.৩। সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় জাদুঘরে বিদ্যমান প্রশাসনিক কাঠামোতে প্রতিষ্ঠান প্রধান হিসেবে 'মহাপরিচালক' এর পরিবর্তে 'কিউরেটর' পদ সৃজনসহ জনবল কাঠামো নতুন করে ঢেলে সাজানোর উপর গুরুত্বারোপ করেছেন। এ বিষয়টি পর্যালোচনাপূর্বক এবং অন্যান্য দেশে কি ব্যবস্থা কার্যকর রয়েছে সে বিষয়গুলো পরীক্ষা নিরীক্ষা করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে জরুরি ভিত্তিতে একটি প্রস্তাব পেশ করার জন্য তিনি পরামর্শ দেন। তিনি দেশের প্রতিটি প্রত্নতত্ত্ব কেন্দ্রকে দৃষ্টিনন্দন করার পাশাপাশি উলানিয়া জমিদারবাড়ি ও দাউদপুরে পাক্কাবাড়ি রক্ষণাবেক্ষণের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন। তিনি জরুরিভিত্তিতে উপজেলা কালচারাল অফিসার নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন করার পরামর্শ দেন। তিনি আরও বলেন, ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রথম ও দ্বিতীয় রিপোর্ট গত ০৬ জুলাই ২০১৮ তারিখে মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হয়েছে। এখন স্থায়ী কমিটির ২৫তম বৈঠক থেকে ৩০তম বৈঠকে গৃহীত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি সম্বলিত তৃতীয় রিপোর্ট মহান জাতীয় সংসদের আগামী অধিবেশনে উপস্থাপনের নিমিত্তে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

১১। <u>বিস্তারিত আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :</u>

(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পসমূহের একটি তালিকা প্রস্তুত করে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পেশ করার ব্যবস্থা করা;

(খ) যে সকল সময় সংসদ টেলিভিশন চ্যানেলে সংসদ অধিবেশন ও সংসদের নিজস্ব অনুষ্ঠান সম্প্রচার করা হয় না ঠিক সেই সময় উক্ত চ্যানেলে যাতে সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠানাদি সম্প্রচার করা যায় সে সম্পর্কিত একটি প্রস্তাব মাননীয় স্পীকারের নিকট পেশ করার পদক্ষেপ গ্রহণ করা;

(গ) যে ৫০টি নৃ-গোষ্ঠীর তালিকা চূড়ান্ত করা হয়েছে তা দ্রুত প্রকাশ করা এবং যে সকল ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তালিকা এখনও চূড়ান্ত করা হয়নি, তা পরীক্ষা নিরীক্ষাপূর্বক চূড়ান্ত করার উদ্যোগ গ্রহণ করা;

(ঘ) আগামী ০২ আগস্ট, ২০১৮ তারিখ সকাল ১০-৩০ ঘটিকায় স্থায়ী কমিটি বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও, পানামনগর ও বড় …বাড়ি পরিদর্শন করা এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তা সার্বিক সহযোগিতা প্রদান করা;

(ঙ) কবি নজরুল ইনস্টিটিউট এর যে সকল জা…া বা সাইনবোর্ডে এখনও 'কবি' শব্দটি সংযুক্ত করা হয়নি অনতিবিলম্বে তা সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা;

(চ) মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী …তীয় জাদুঘরে বিদ্যমান প্রশাসনিক কাঠামোতে প্রতিষ্ঠান প্রধান হিসেবে 'মহাপরিচালক' এর পরিবর্তে 'কিউরেটর' …সৃজনসহ জনবল কাঠামো নতুন করে ঢেলে সাজানোর উদ্দেশ্যে বিষয়টি পর্যালোচনাপূর্বক এবং অন্যান্য দেশে কি ব…স্থা রয়েছে তা পরীক্ষা নিরীক্ষা করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে জরুরি ভিত্তিতে একটি প্রস্তাব পেশ করার পদক্ষেপ গ্রহণ ক…

(ছ) দেশের প্রতিটি প্রত্নতত্ত্ব কেন্দ্রকে দৃষ্টিনন্দন …রার পাশাপাশি উলানিয়া জমিদারবাড়ি ও দাউদপুরে পাক্কাবাড়ি রক্ষণাবেক্ষণের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা গ্রহণ কর…

(জ) জরুরিভিত্তিতে উপজেলা কালচারাল অফিসার নিয়োগের উদ্যোগ গ্রহণ করা; এবং

(ঝ) স্থায়ী কমিটির ২৫তম বৈঠক থেকে ৩০তম বৈঠকে গৃহীত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি সম্বলিত তৃতীয় রিপোর্ট মহান জাতীয় সংসদের পরবর্তী অধিবেশনে উপস্থাপনের কার্যক্রম গ্রহণ করা।

১২। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বিকাল ৫-৩০ ঘটিকায় বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/০৭/১৮
সিমিন হোসেন (রিমি) এম.পি
সভাপতি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
বাংলাদেশ জাতীয় সংসদ।